



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোবা: ০১৭৪০-৬২৫৭৪০

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“প্রথমবারের মত মোংলা বন্দরের জেটিতে ৮.৫ মিটার ড্রাফটের কন্টেইনার জাহাজ”

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু উদ্বোধন হওয়ায় দক্ষিণবঙ্গের যে কয়টি প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে তার মধ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষ অন্যতম। পদ্মা সেতু চালু হওয়ার সাথে সাথেই এবন্দর দিয়ে রেডিমেইড গার্মেন্টস পন্যসহ বিভিন্ন পন্য রপ্তানি শুরু হয়েছে। বন্দর কর্তৃপক্ষ বন্দরের কার্যক্রমকে আরোও গতিশীল করা লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে। তারই ধারাবাহিকতায় গত ৫ জুলাই, ২০২৩ তারিখে বিভিন্ন শিপিং এজেন্ট, খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বিভিন্ন পাট ও পাটজাত পন্য রপ্তানিকারক প্রতিষ্ঠান, হিমায়িত মাছ রপ্তানিকারক প্রতিষ্ঠানসহ অন্যান্য বন্দর ব্যবহারকারীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মোংলা বন্দরে দ্রুত জাহাজ হ্যান্ডলিং করা, বন্দরে পর্যাপ্ত ইয়ার্ড ও শেড, জেটি অভ্যন্তরে কন্টেইনার স্টাফিং সুবিধা, **Cut Of Time** এর নিয়ম অনুসরণ না করা, পর্যাপ্ত ইকুইপমেন্ট সুবিধা ও নিরাপদ হওয়ায় এবং একই সাথে ঢাকার সাথে দূরত্ব কমে যাওয়ায় সময় ও অর্থ দুয়েরই সাশ্রয়ী হওয়ায় ব্যবসায়ীরা মোংলা বন্দর ব্যবহারে আগ্রহী হয়ে উঠছে। উল্লেখযোগ্য রপ্তানি পন্যের মধ্যে রয়েছে রেডিমেইড গার্মেন্টস, পাট ও পাটজাত পন্য এবং হিমায়িত মাছ। ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, সদস্য (হারবার ও মেরিন), মোংলা বন্দর কর্তৃপক্ষ বলেন, “MV.MAERSK NUSANTARA নামক সিঙ্গাপুরের পতাকাবাহী ৮.৫ মিটার ড্রাফট এর একটি জাহাজ মোংলা বন্দরের ৯ নং জেটিতে আগমন করেছে। উক্ত জাহাজ থেকে ৩১৫ বক্স ৪৮৯ টিইউজ খালাস হবে এবং ২৬৩ বক্স ৩৬৭ টিইউজ বোঝাই হবে মর্মে আশা করা হচ্ছে।”

তারিখ: ০৩ আগস্ট, ২০২৩ খ্রি.

স্বাক্ষরিত/-

মো: মাকরুজ্জামান (উপসচিব)